বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
৮/সি, শেরে বাংলা নগর, আগারগাঁও
ঢাকা-১২০৭।
www.bteb.gov.bd

নং ৫৭.১৭.০০০০.১০২.১৮.০১৬.১৭-৫১৭ তারিখ: ১২ অক্টোবর ২০২০ খ্রি.

# বিজ্ঞপ্তি

চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সরকারি নির্দেশনা সত্ত্বেও শিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের অধীন বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের দপ্তারিক কার্যক্রম হার্ড ফাইলে উপস্থাপন ও হার্ড কপিতে পত্র জারি করা হচ্ছে এবং ইউনিকোড Nikosh Font ব্যবহার না করে অন্য Font এ টাইপ করা হচ্ছে, যা সরকারি নির্দেশনা প্রতিপালনে অনীহা প্রদর্শনের শামিল। ই-নথিতে কর্মসম্পাদনের মাধ্যমে সময়ের অপচয় রোধ, স্বচ্ছতা ও জবাবদিহি নিশ্চিত করা প্রয়োজন। বিষয়টি বোর্ডের সকল কর্মকর্তা-কর্মচারিকে উপলব্ধি ও অনুধাবন করতে হবে। এ বোর্ডের সকল নথি ও পত্র ইউনিকোড Nikosh Font এ ই-ফাইলের মাধ্যমে উপস্থাপনের জন্য অনুরোধ জানানো হলো।

বিষয়টি অতীব জরুরি।

১২.১০.২০২০
(ড. মো. জাহেদুল হাসান)
সচিব

নং ৫৭.১৭.০০০০.১০২.১৮.০১৬.১৭-৫১৭(৯) তারিখ: ১২ অক্টোবর ২০২০ খ্রি.

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো।

১। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২-৬। পরিচালক (কারিকুলাম)/পরীক্ষা নিয়ন্ত্রক/পরিদর্শক/পরিচালক (আইটিসি), প্রকল্প পরিচালক বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা। (তাঁর বিভাগের সকল কর্মকর্তা-কর্মচারিকে অবহিতকরণ এবং যথাযথ ব্যবস্থা গ্রহণ)।
৭। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (বোর্ডের ওয়েবসাইটে প্রচারের জন্য)।
৮। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৯। সংশ্লিষ্ট নথি।

১২/১০/২০২০
(মো. আবুল হোসেন)
উপ সচিব (প্রশাসন)